

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০৫ (ভোকেশনাল-০১)
www.techedu.gov.bd
এফ-৪/বি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০৪০.২৭.৮৮১.২৬.১১৩

তারিখঃ ২২/০৪/২০২৬খ্রিঃ

বিষয় : কারণ দর্শানো প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনি জনাব সৌরভ শুভেন্দু খাঁ গোপালগঞ্জ সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, গোপালগঞ্জে ইন্সট্রাক্টর (পদার্থ) হিসেবে কর্মরত আছেন। আপনার বিরুদ্ধে অধ্যক্ষ কর্তৃক বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির একটি অভিযোগ পাওয়া যায়।

- ০২। আপনি জনাব সৌরভ শুভেন্দু খাঁ, ইন্সট্রাক্টর (পদার্থ) গত ২৬/০৯/২০২৫ খ্রিঃ হতে অদ্যাবধি প্রতিষ্ঠানে অনুপস্থিত রয়েছেন। এ বিষয়ে প্রতিষ্ঠানের অধ্যক্ষ কর্তৃক আপনাকে পত্র নং-৩৩৬, তারিখ: ২১/১০/২০২৫ খ্রিঃ ১ম বার, পত্র নং-৩৫৬, তারিখ: ২৯/১০/২০২৫ খ্রিঃ ২য় বার এবং পত্র নং-৪২৭, তারিখ: ২৪/১১/২০২৫ খ্রিঃ ৩য় বার কৈফিয়ত তলব করা হলেও আপনার আচরণের কোনো পরিবর্তন হয়নি। আপনি অদ্যাবধি প্রেরিত কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেননি এবং এ পর্যন্ত ছুটির কোনো আবেদনও দাখিল করেননি।
- ০৩। আপনার এই দীর্ঘ সময়ে অনুপস্থিতির কারণে প্রতিষ্ঠানের শ্রেণী কার্যক্রম ব্যাহত হচ্ছে।
- ০৪। আপনার এহেন কার্যকলাপ দ্বায়িত্ব ও কর্তব্যে অবহেলার শামিল এবং সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ২(খ) মোতাবেক “অসদাচরণ” এবং বিধি ২(চ) মোতাবেক “পলায়ন” এর পর্যায়ভুক্ত অপরাধ।

এমতাবস্থায়, কেন আপনার বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) মোতাবেক “অসদাচরণ” এবং ৩(গ) মোতাবেক “পলায়ন” এর দায়ে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে না তা পত্র প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মোঃ এনায়েত করিম)
সহকারী পরিচালক

প্রাপক,

বর্তমান ঠিকানা : জনাব সৌরভ শুভেন্দু খাঁ
ইন্সট্রাক্টর (পদার্থ)
গোপালগঞ্জ সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, গোপালগঞ্জ

স্থায়ী ঠিকানা : জনাব সৌরভ শুভেন্দু খাঁ
প্রযত্নে : সুনীল কুমার খাঁ
গ্রাম : আশাপুর
ডাকঘর : নলিয়া
থানা ও জেলা: মধুখালী, ফরিদপুর।

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১। পরিচালক (পিআইডব্লিউ/পরিকল্পনা ও উন্নয়ন/পিআইইউ/প্রশাসন), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
০২। অধ্যক্ষ, গোপালগঞ্জ সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, গোপালগঞ্জ।
০৩। সহকারী পরিচালক-(সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
০৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রটি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
০৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মহাপরিচালক-এর দপ্তর, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।